# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 23 June, 2025

ঢাকাই সিনেমার জনপ্রিয় ও আলোচিত অভিনেত্রী নুসরাত ফারিয়া আবারও আলোচনার কেন্দ্রবিন্দুতে।তবে এবার সিনেমা নয়, তিনি ঝড় তুলেছেন মাত্র ২৪ সেকেন্ডের একটি রিলস ভিডিও দিয়ে।

সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করা ওই ভিডিওতে ফারিয়াকে দেখা গেছে সোনালী ঝলমলে পোশাকে, হাতে লাল গোলাপ, কার্লি চুল ও গভীর চাহনিতে রীতিমতো মোহিত করে তুলেছেন তার দর্শকদের।রিলটি প্রকাশের পরপরই তা ভাইরাল হয়ে যায়, আর মন্তব্যের ঘর ভরে যায় উচ্ছ্বসিত প্রশংসায়।

নেটিজেনদের প্রতিক্রিয়া

ভিডিওটি দেখে শায়লা সুলতানা নামে একজন মন্তব্য করেন,

"হঠাৎ করেই যেন তুর্কি অভিনেত্রী হান্দে এরচেলের মতো দেখতে লাগছে।"

আরেকজন লিখেছেন,

"তোমাকে দেখতে সত্যিই অসাধারণ সুন্দর ও দারুণ আকর্ষণীয় লাগছে।"

নুসরাত ফারিয়ার এক ভক্ত জসিম হক লিখেছেন,

"তুমি এত সুন্দর, যেন এক সত্যিকারের রানির মতো।আমি তোমাকে খুব পছন্দ করি, কেন

পছন্দ করি জানি না–শুধু জানি, তোমাকে দেখলেই মন ভালো হয়ে যায়।’

## আরজে থেকে রূপালি পর্দার রানি

প্রসঙ্গত, নুসরাত ফারিয়ার যাত্রা শুরু হয়েছিল আরজে (রেডিও জকি) হিসেবে। এরপর তিনি দর্শকদের কাছে পরিচিতি পান উপস্থাপনা দিয়ে। তবে তার প্রকৃত পরিচয় তৈরি হয় ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত যৌথ প্রযোজনার ছবি ‘আশিকী’ দিয়ে। এরপর আর পেছনে তাকাতে হয়নি–একাধিক সুপারহিট সিনেমায় অভিনয় করে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন ঢাকাই চলচ্চিত্রের গ্ল্যামার আইকন হিসেবে।

নুসরাত ফারিয়া,রিলস ভিডিও,হান্দে এরচেল,তুর্কি অভিনেত্রী হান্দে এরচেল,আরজে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:01

URL: https://www.timestodaybd.com/entertainment/3299173566